

প্রাথমিক সহকারী শিক্ষকদের নতুন কর্মসূচি

■ ইত্তেফাক রিপোর্ট

প্রধান শিক্ষকদের একধাপ নিচে সহকারী শিক্ষকদের বেতন স্কেল নির্ধারণের দাবিতে নতুন কর্মসূচি ঘোষণা করেছে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি সহকারী শিক্ষক ফ্রন্ট। কর্মসূচির মধ্যে রয়েছে আগামীকাল ১৫ এপ্রিল থেকে ৭ মে জনবৃত্ত যাচাইয়ে দেশব্যাপী পদসংযোগ, ৮ মে উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে প্রাথমিক বরাদ্দ আরকসিপি প্রদান, ২২ মে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রীর নিকট আরকসিপি, ২৩-৩০ মে বিভাগীয় পর্যায়ে সমাবেশ এবং সবশেষে আগামী ১ জুন ঢাকার জাতীয় প্রেসক্লাবে মানববন্ধন ও অরহান করে প্রধানমন্ত্রীর নিকট আরকসিপি প্রদান করবেন তারা।

গতকাল রবিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করেন সংগঠনের সদস্য সচিব মো: নোজামুল হক। তিনি বলেন, গত ৯ মার্চ ঘোষিত বেতন স্কেলে প্রধান শিক্ষকদের তুলনায় সহকারী শিক্ষকদের বেতন স্কেল তিন ধাপ নিচে। সহকারী শিক্ষকদের মধ্যে এমন পার্থক্য বিরাট বৈষম্য। এ ধরনের ঘোষণায় শিক্ষকদের মধ্যে কোভের সৃষ্টি হয়েছে। অবিলম্বে এই স্কেল সংশোধন করতে হবে। অন্যথায় কঠোর ১ জুন থেকে কঠোর আন্দোলন গড়ে তোলা হবে।